



জগন্নাথ বিশ্ববিদ্যালয়
Jagannath University



বইমেলায় জগন্নাথ বিশ্ববিদ্যালয় স্টলের উদ্বোধন



‘পড় বই গড় দেশ বঙ্গবন্ধুর বাংলাদেশ’ স্লোগানকে সামনে রেখে মহান শহিদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস ২০২৩ উপলক্ষে অমর একুশে বইমেলায় আজ (৮ ফেব্রুয়ারি ২০২৩-বুধবার) বাংলা একাডেমি প্রাঙ্গণে জগন্নাথ বিশ্ববিদ্যালয় স্টল (নং: ৭৭৯-৭৮০) এর শুভ উদ্বোধন করেন অনুষ্ঠানের প্রধান অতিথি উপাচার্য অধ্যাপক ড. মো. ইমদাদুল হক।

এসময় জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের ট্রেজারার অধ্যাপক ড. কামালউদ্দীন আহমদ, বিভিন্ন ইন্সটিটিউটের পরিচালক, বিভিন্ন অনুষদের ডিন, বিভাগীয় চেয়ারম্যানবৃন্দ, জনসংযোগ, তথ্য ও প্রকাশনা দপ্তরের পরিচালক ও অমর একুশে বইমেলা ২০২৩-জগন্নাথ বিশ্ববিদ্যালয় স্টল সাজ-সজ্জা কমিটির আহবায়ক অধ্যাপক ড. চঞ্চল



কুমার বোস, প্রক্টর অধ্যাপক ড. মোস্তফা কামাল, শিক্ষক সমিতির সভাপতি অধ্যাপক ড. মো: আইনুল ইসলাম, সাধারণ সম্পাদক অধ্যাপক ড. এ কে এম লুৎফর রহমান, সহকারী প্রক্টরবৃন্দ, বাংলাদেশ ছাত্রলীগ জগন্নাথ বিশ্ববিদ্যালয় শাখার সভাপতি মো: ইব্রাহিম ফরাজী ও সাধারণ সম্পাদক মো: আকতার হোসাইন এবং বিশ্ববিদ্যালয় সাংবাদিক প্রতিনিধিবৃন্দ সহ বিভিন্ন বিভাগের শিক্ষক-শিক্ষিকা উপস্থিত ছিলেন।